



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/২৩৩১৮১১০৩২০১/কিশোরগঞ্জ-০৮/ ৬২০২/ ৫

তারিখঃ ১২.০২.২০১৯খ্রিঃ

বিষয়ঃ অভিযোগ বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ জেলার হোসেনপুর উপজেলাধীন রামপুর হোসাইনিয়া বালিকা দাখিল মাদ্রাসার সুপার এর বিরুদ্ধে জনাব মোঃ ফাহিম উদ্দিন অত্র বোর্ডে অভিযোগ দাখিল করেছেন। অভিযোগে তিনি উল্লেখ করেন যে, মাদ্রাসার সুপার কর্তৃক অত্র বোর্ডে অনলাইনে দাখিলকৃত এডহক কমিটির সভাপতি মনোনয়নে সংরক্ষিত আসনের মাননীয় মহিলা সংসদ সদস্য ও জেলা প্রশাসক কর্তৃক সুপারিশ পত্র দাখিল না করে নামমাত্র অর্ধ-শিক্ষিত লোকের সমন্বয়ে এডহক কমিটির তালিকা দাখিল করেছেন।

অপরদিকে উক্ত মাদ্রাসার সুপার এই মর্মে অভিযোগ করেন যে, বিভিন্ন অপরাধ, খুন, জখম মামলার আসামী জনাব মোঃ ফাহিম উদ্দিন শিক্ষক-স্টাফদের ভয়ভীতি দেখিয়ে ইচ্ছার বিরুদ্ধে জোর পূর্বক একটি ডিও লেটার ও সভাপতির প্রস্তাবিত সুপারিশ তালিকায় সুপারের স্বাক্ষর নিয়ে কপি না দিয়ে চলে যায় এবং অদ্যবধি মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের খুন, জখমের হুমকি দিয়ে আসছে। উপরোক্ত ঘটনার ব্যাখ্যা, বিবরণ এর স্বাক্ষী স্বরূপ অত্র মাদ্রাসার শিক্ষক-কর্মচারী গণ স্বাক্ষর প্রদান করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অধিকতর স্বচ্ছতার স্বার্থে অভিযোগ ও পাল্টা অভিযোগ বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক এডহক কমিটির সভাপতি মনোনয়নে মতামতসহ প্রতিবেদন প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০৪ (চার) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


12.02.19

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮
১২.০২.১৯

প্রাপকঃ জেলা প্রশাসক,
কিশোরগঞ্জ।

নং-বামাশিবো/প্রশা/২৩৩১৮১১০৩২০১/কিশোরগঞ্জ-০৮/

তারিখঃ .০২.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. উপজেলা নির্বাহী অফিসার, হোসেনপুর, কিশোরগঞ্জ।
২. জেলা শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হোসেনপুর, কিশোরগঞ্জ।
৪. সভাপতি/ সুপার, রামপুর হোসাইনিয়া বালিকা দাখিল মাদ্রাসা, ডাকঘর- চরপুমদী, উপজেলা- হোসেনপুর, জেলা- কিশোরগঞ্জ।
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪